

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
বিধি অধিশাখা
www.cabinet.gov.bd

নম্বর: ০৮.০০.০০০০.৮২৩.৩৫.০০৩.১৫.৮৫

০৭ কার্তিক ১৪২৬

তারিখ:-----

২৩ অক্টোবর ২০১৯

পরিপত্র

বিষয়: মন্ত্রণালয়/ বিভাগে ব্যবহৃত সরকারের বিভিন্ন পদনাম ও পদবিসমূহের বিধি বহির্ভুত ব্যবহার।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ৫৫(৬)-এর আলোকে প্রণীত Rules of Business, 1996, সচিবালয় নির্দেশমালা, ২০১৪ এবং অন্যান্য বিধি দ্বারা সরকারের বিভিন্ন পদনাম ও পদবি সংজ্ঞায়িত। সরকারের সিনিয়র সচিব/সচিব, অতিরিক্ত সচিব, যুগ্মসচিব, উপসচিব ও সহকারী সচিব পদসমূহে ক্যাডার কর্মকর্তাগণের নিয়োগ ও পদোন্নতি ‘সরকারের উপ-সচিব, যুগ্মসচিব, অতিরিক্ত সচিব ও সচিব পদে পদোন্নতি বিধিমালা, ২০০২’ দ্বারা নিয়ন্ত্রিত।

২। সরকারের পদনামসমূহ বিধি বহির্ভুতভাবে বিভিন্ন আধাসরকারি, স্বায়ত্তশাসিত সংস্থা/সংগঠন, অধিস্থন অফিস ও সংযুক্ত দপ্তরসমূহ এবং বেসরকারি অফিসসমূহে ব্যবহৃত হচ্ছে। উপরিলিখিত বিধিমালা দ্বারা নিয়োগ বা পদোন্নতি প্রাপ্ত নন এমন ব্যক্তি কর্তৃক সরকারের পদনামসমূহ অনুমোদিত ব্যবহারের ফলে জনমনে বিভ্রান্তির সৃষ্টি হয়। বিধি বহির্ভুতভাবে বা আংশিক পরিবর্তন করে উল্লিখিত সরকারি পদনামসমূহের ব্যবহার নেতৃত্বক্রিয়া-পরিপন্থী এবং ‘দন্তবিধি-১৮৬০’ ও ‘সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮’ অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ।

৩। বর্ণিত প্রক্ষাপটে নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করা হলো:

- (ক) মন্ত্রণালয়/ বিভাগের অধিস্থন অফিসের পদনাম ও পদবি সূজনের ক্ষেত্রে সরকারি পদনাম ও পদবি সহকারী সচিব, উপসচিব, যুগ্মসচিব, অতিরিক্ত সচিব, সচিব ও সিনিয়র সচিব যেন ব্যবহৃত না হয় এবং ইতৎপূর্বে অনুমোদিত সাংগঠনিক কাঠামোতে বিদ্যমান ত্রুটি/ বিভ্রান্তি নিরসনে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;
- (খ) সরকারের মন্ত্রণালয়/বিভাগ, সংযুক্ত দপ্তর ও অধিস্থন অফিসে কর্মরত কর্মকর্তাগণকে স্ব স্ব সাংগঠনিক কাঠামোতে অনুমোদিত পদনাম ও পদবি পূর্ণাঙ্গ ও সঠিকভাবে তাদের দাপ্তরিক সিলমোহর, নেমকার্ড, নেমপ্লেট, নথি এবং ওয়েবসাইটে ব্যবহার করতে হবে;
- (গ) রাষ্ট্রীয়/জাতীয় অনুষ্ঠানসমূহে প্রযোজ্য ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.mopa.gov.bd) রাষ্ট্রিক্ত কর্মকর্তাগণের তালিকা অনুসরণ করা যেতে পারে।

শ. ১০.২০১৯

(শফিউল আজিম)

যুগ্মসচিব

ফোন: ৯৫৭৪৫৩৭

ইমেইল: js_rs@cabinet.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২. সিনিয়র সচিব,..... মন্ত্রণালয়/বিভাগ।
৩. সচিব,..... মন্ত্রণালয়/বিভাগ।
৪. সচিব (দায়িত্বপ্রাপ্ত), আইন ও বিচার বিভাগ।